গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৬- ৭৫৮ তারিখঃ ১৮.১০.২০১৬খ্রিঃ

বিষয়ঃ **ব্যক্তিগত শুনানি।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ ফারিয়া তিলাত তিমা (১৩০৩৩৯), সহকারী সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাভার, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী **২৩.১০.২০১৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায়** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

ডাঃ ফারিয়া তিলাত তিমা (১৩০৩৩৯)
সহকারী সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাভার, ঢাকা।
(যোগাযোগ ঠিকানাঃ- C/O মোঃ সাহেব আলী মৃধা, ইস্টার্ণ বেইলী এ্যাপার্টমেন্ট,
ফ্ল্যাট-১২০৩, ১৪৬ নিউ বেইলী রোড, ঢাকা-১০০০)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২০.২০১৬- ৭৫৮/১(৭) তারিখঃ ১৮.১০.২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ডাঃ মোঃ জয়নাল আবেদীন, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। ডাঃ মেহের পারভীন, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। অতিরিক্ত সচিব (শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৮/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব

E:\Nikos Document (Current-2015-16)\Hearing\Hearing Notice.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১৬-৭৪০ তারিখঃ১৭.১০.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ আ. স. ম. জাহাঙ্গীর চৌধুরী (৩১১৫০), অধ্যক্ষ ও অধ্যাপক (সাময়িকভাবে বরখাস্তকৃত), অর্থোপেডিক সার্জারী, ফরিদপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ আ. স. ম. জাহাঙ্গীর চৌধুরী (৩১১৫০), অধ্যক্ষ ও অধ্যাপক হিসেবে ফরিদপুর মেডিকেল কলেজে কর্মকালীন সময়ে ১৬৬টি যন্ত্রপাতি ডিপিপির মূল্যের চেয়ে ৪১,১৩,৭০,৭৩৫ (একচল্লিশ কোটি তের লক্ষ সত্তর হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা বেশি মূল্যে ক্রয়/সংগ্রহ করায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ লংঘন করায় চরম আর্থিক অনিয়ম সংঘটিত হয়েছে;

যেহেতু, আপনি পিপিআর-২০০৮ এর বিধি ১৬(১) অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করেননি এবং পিপিআর-২০০৮ অনুসরণে টেন্ডার ওপেনিং কমিটি গঠন করেননি এবং আপনি ক্রয়কারী বিধি ৯৭(৪)(চ) অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ সীট প্রস্তুত না করায় এবং ৯৭(৭) বিধি অনুসরণে উপস্থিত দরপত্রদাতা বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক দরপত্র উন্মুক্তকরণ সীট স্বাক্ষর না করে পিপিআর-২০০৮ লংঘন করেছেন;

যেহেতু, আপনি ২১.১০.২০১২ খ্রিঃ তারিখে আহবানকৃত ১৭,৯২,৭১,২৪০ (সতের কোটি বিরানব্বই লক্ষ একাত্তর হাজার দুইশত চল্লিশ) টাকার দরপত্রের ''দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত প্রতিবেদন'' আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬(৩)ক(২) অনুযায়ী মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ না করায় দরদাতাদের চুক্তি সম্পাদনের নোটিশ জারী ও চুক্তি সম্পাদন করায় ক্রয় প্রক্রিয়াটি বিধি সম্মত ও বৈধ হয়নি;

যেহেতু, পিপিআর-২০০৮ এর বিধি ৩৭(১) অনুযায়ী চুক্তি মূল্য ১(এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের হওয়ায় ক্রয়কারী কর্তৃক চুক্তি সম্পাদনের নোটিশ সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের বিধান থাকলেও আপনি তা করেননি;

যেহেতু, আপনার কর্তৃক আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিত চুক্তি সম্পাদন নোটিশ ইস্যু, চুক্তিপত্র স্বাক্ষর, মালামাল গ্রহণ ও বিল পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি বহির্ভূত সম্পন্ন হয়েছে।

যেহেতু, আপনি বহির্ভূতভাবে মূল্যায়ন কমিটি কর্তৃক অগ্রহণযোগ্য (Non-Responsive) দরপত্রগুলোকে গ্রহণযোগ্য (Responsive) দরপত্র হিসেবে মূল্যায়ন করেছেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ আ. স. ম. জাহাঙ্গীর চৌধুরী (৩১১৫০)
অধ্যক্ষ ও অধ্যাপক (সাময়িকভাবে বরখাস্তকৃত), অর্থোপেডিক সার্জারী
ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর।
(স্থায়ী ঠিকানাঃ-পিতা-মৃত ডাঃ আব্দুস সালাম চৌধুরী, ফুলসুটি ভিলা, দক্ষিন ঝিলতলী, ফরিদপুর-৭৮০০)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১৬-৭৪০/১(৫) তারিখঃ ১৭.১০.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপসচিব (পার-১/ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য ও পরিকবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

১৭/১০/২০১৬

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ আ. স. ম. জাহাঙ্গীর চৌধুরী (৩১১৫০), অধ্যক্ষ ও অধ্যাপক হিসেবে ফরিদপুর মেডিকেল কলেজে কর্মকালীন সময়ে ১৬৬টি যন্ত্রপাতি ডিপিপির মূল্যের চেয়ে ৪১,১৩,৭০,৭৩৫ (একচল্লিশ কোটি তের লক্ষ সত্তর হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা বেশি মূল্যে ক্রয়/সংগ্রহ করায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ লংঘন করায় চরম আর্থিক অনিয়ম সংঘটিত হয়েছে;

আপনি পিপিআর-২০০৮ এর বিধি ১৬(১) অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করেননি এবং পিপিআর-২০০৮ অনুসরণে টেন্ডার ওপেনিং কমিটি গঠন করেননি এবং আপনি ক্রয়কারী বিধি ৯৭(৪)(চ) অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ সীট প্রস্তত না করায় এবং ৯৭(৭) বিধি অনুসরণে উপস্থিত দরপত্রদাতা বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক দরপত্র উন্মুক্তকরণ সীট স্বাক্ষর না করে পিপিআর-২০০৮ লংঘন করেছেন;

আপনি ২১.১০.২০১২ খ্রিঃ তারিখে আহবানকৃত ১৭,৯২,৭১,২৪০ (সতের কোটি বিরানব্বই লক্ষ একাত্তর হাজার দুইশত চল্লিশ) টাকার দরপত্রের ''দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত প্রতিবেদন'' আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬(৩)ক(২) অনুযায়ী মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ না করায় দরদাতাদের চুক্তি সম্পাদনের নোটিশ জারী ও চুক্তি সম্পাদন করায় ক্রয় প্রক্রিয়াটি বিধি সম্মত ও বৈধ হয়নি;

পিপিআর-২০০৮ এর বিধি ৩৭(১) অনুযায়ী চুক্তি মূল্য ১(এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের হওয়ায় ক্রয়কারী কর্তৃক চুক্তি সম্পাদনের নোটিশ সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের বিধান থাকলেও আপনি তা করেননি;

আপনার কর্তৃক আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিত চুক্তি সম্পাদন নোটিশ ইস্যু, চুক্তিপত্র স্বাক্ষর, মালামাল গ্রহণ ও বিল পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি বহির্ভূত সম্পন্ন হয়েছে।

আপনি বহির্ভূতভাবে মূল্যায়ন কমিটি কর্তৃক অগ্রহণযোগ্য (Non-Responsive) দরপত্রগুলোকে গ্রহণযোগ্য (Responsive) দরপত্র হিসেবে মূল্যায়ন করেছেন;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য।

আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব